# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৪. পানি (বীর্যপাত)-এর ফলে পানি ব্যবহার (গোসল ফরয) হয়

بَابُ الْمَاءِ مِنَ الْمَاءِ

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ وَكَانَ قَدْ أَدْرَكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَمِعَ مِنْهُ وَهُوَ ابْنُ خَمْسَ عَشْرَةَ سَنَةً حِينَ تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدَّثَنِي أُبَيُّ بْنُ كَعْبٍ أَنَّ الْفُتْيَا الَّتِي كَانُوا يُفْتَوْنَ بِهَا فِي قَوْلِهِ الْمَاءُ مِنْ الْمَاءِ رُخْصَةٌ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَخَّصَ فِيهَا فِي أَوَّلِ الْإِسْلَامِ ثُمَّ أَمَرَ بِالِاغْتِسَالِ بَعْدُ قَالَ عَبْد اللَّهِ وَقَالَ غَيْرُهُ قَالَ الزُّهْرِيُّ حَدَّثَنِي بَعْضُ مَنْ أَرْضَى عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ

إسناده ضعيف ولكن الحديث صحيح

বাংলা

৭৮২. সাহল ইবনু সা’দ আস সাঈদী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাক্ষাৎ লাভ করেছেন এবং তাঁর নিকট থেকে হাদীস শ্রবণ করেছেন। আর যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওফাত (ইন্তেকাল) হয়, তখন তার বয়স ছিল পনের বছর। তিনি বলেন, আমার নিকট উবাই ইবনু কা’ব রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেন যে, তাঁর (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের) এ বাণী: “পানি (তথা গোসল করা) পানির (বীর্যপাতের) ফলেই ফরয হয়।” এর দ্বারা তারা যে ফতোয়া দিতেন, তা ছিলো আসলে একটি বিশেষ ছাড়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইসলামের প্রাথমিক যুগে এ ব্যাপারে অনুমতি দিয়েছিলেন। তারপর তিনি পরবর্তীকালে (বীর্যপাত না হলেও) গোসল করার নির্দেশ দিয়েছেন। আব্দুল্লাহ বলেন: অপর একজন বলেন: যুহরী বলেছেন: সাহল ইবনু সা’দ এমন এক ব্যক্তি আমার নিকট এটি বর্ণনা করেছেন যিনি তার প্রতি সন্তুষ্ট।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: মাওয়ারিদুয যাম’আন নং ২২৮, ২২৯ ও সহীহ ইবনু হিব্বান নং ১১৭৯ এ আমরা দীর্ঘ টীকা সংযোজন করেছি। আরও দেখুন পরবর্তী টীকাটি এবং ইবনু শাহীন, নাসিখ ওয়াল মানসূখ নং ১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76159

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন